
# অ্যান্টিবায়োটিক ব্যবহারে সতর্ক হোন

প্রয়োজনে আমরা অ্যান্টিবায়োটিক ব্যবহার করবো কিন্তু কিছু বিষয় এড়িয়ে চলবোঃ



- অপ্রয়োজনীয় ব্যবহার



- ডাক্তারের পরামর্শ ব্যতীত ও অবিশ্বস্ত সূত্র থেকে মানহীন ঔষধ ক্রয়



- অপরিমিত মাত্রায় অ্যান্টিবায়োটিক সেবন করা

অ্যান্টিবায়োটিক ব্যাকটেরিয়াকে মারতে পারে কিন্তু অপ্রয়োজনীয় ও ভুল ব্যবহারের কারণে ব্যাকটেরিয়া অ্যান্টিবায়োটিক প্রতিরোধী হচ্ছে। ফলে সংক্রমণের চিকিৎসা আরও কঠিন হচ্ছে।



প্রাথমিকভাবে স্বাস্থ্যবিধি অনুসরণ, নিরাপদ পানি এবং পয়ঃনিষ্কাশন ব্যবস্থা আপনাকে সংক্রমণ থেকে রক্ষা করতে পারে

oxford vaccine group | OXFORD MARTIN SCHOOL | TORCH THE OXFORD RESEARCH CENTRE IN THE HUMANITIES | UNIVERSITY OF OXFORD | FACULTY OF HISTORY | newventurefund | Child Health Research Foundation CHRF Prevent Infections, Save Lives

Bangladesh PROOF 7 at A4.indd 1 07/11/2020 17:35

# অ্যান্টিবায়োটিক প্রদানে সতর্ক হোন



শুধুমাত্র রোগ নির্ণয়ের পরেই রোগীকে অ্যান্টিবায়োটিক সেবনের পরামর্শ দিন।



অ্যান্টিবায়োটিক প্রদানের ক্ষেত্রে বিশ্বস্বাস্থ্যসংস্থার AWaRe (access, watch, reserve) শ্রেণিবিভাগ মেনে চলুন।

অ্যান্টিবায়োটিক মূল্যবান সম্পদ। ক্রমবর্ধমান প্রতিরোধী ক্ষমতার কারণে অ্যান্টিবায়োটিকগুলো কার্যকারীতা হারাচ্ছে।



অ্যান্টিবায়োটিক ব্যবহারের পরামর্শের সাথে সাথে রোগীকে রোগ প্রতিরোধ কৌশল সম্পর্কে সচেতন করুন।



oxford vaccine group
OXFORD MARTIN SCHOOL
TORCH THE OXFORD RESEARCH CENTRE IN THE HUMANITIES
UNIVERSITY OF OXFORD
FACULTY OF HISTORY
newventurefund
Child Health Research Foundation CHRF Prevent Infections, Save Lives

Bangladesh PROOF 7 at A4.indd 2 07/11/2020 17:35

# রোগ প্রতিরোধে নিরাপদ স্বাস্থ্যবিধি

টাইফয়েডের মতো আরও অনেক রোগ দূষিত পানির কারণে হয়ে থাকে। পানি দূষণ রোধে সচেতন থাকুন।

সরাসরি নদী বা পুকুরের পানি পান করবেন না। পানি ফুটিয়ে কিংবা জীবাণুমুক্ত করে পান করুন।

## নিরাপদ পানি, পরিবেশ ও স্বাস্থ্য বজায় রাখার চর্চাসমূহ

সার কিংবা মৎস্যচাষে হাঁসমুরগির লিটার বা মানব বর্জ্য ব্যবহারের পূর্বে জীবাণুমুক্ত করে নিন।

স্বাস্থ্যসম্মত টয়লেট/শৌচাগার ব্যবহার রোগ ছড়ানো রোধ করতে পারে।

নর্দমা কিংবা নিরাপদ সেপটিক ট্যাংকের সাথে টয়লেটের পয়ঃনিষ্কাশন সংযোগ নিশ্চিত করুন।


টয়লেট ব্যবহারের পরে এবং খাওয়া কিংবা খাবার তৈরি করার পূর্বে সাবান এবং পানি দিয়ে হাত ভালোভাবে ধৌত করুন



oxford vaccine group
OXFORD MARTIN SCHOOL
TORCH
THE OXFORD RESEARCH CENTRE IN THE HUMANITIES
UNIVERSITY OF OXFORD
FACULTY OF HISTORY
newventurefund
Child Health Research Foundation
CHRF Prevent Infections, Save Lives

Bangladesh PROOF 7 at A4.indd 3
07/11/2020 17:35

# টাইফয়েড ও প্যারাটাইফয়েড জ্বর সম্পর্কে জানুন




টাইফয়েড ও প্যারাটাইফয়েড জ্বর সালমোনেলা টাইফি ও প্যারাটাইফি নামক ব্যাকটেরিয়া সংক্রমণের কারণে হয়ে থাকে। এটি দূষিত পানি এবং খাবারের মাধ্যমে ছড়ায়।



লক্ষণ ও উপসর্গঃ
জ্বর, পেটব্যথা, মাথাব্যথা, ডায়রিয়া, দুর্বলতা, ক্ষুধামন্দা, কফ ও কিছু ক্ষেত্রে শরীরে ফুসকুড়ি দেখা দেয়।

# টাইফয়েড



টাইফয়েড ও প্যারাটাইফয়েড কী?

টাইফয়েড ও প্যারাটাইফয়েডের লক্ষণ/উপসর্গ কী কী?

টাইফয়েড ও প্যারাটাইফয়েড প্রতিরোধে কী কী ব্যবস্থা নেওয়া যায়?

টাইফয়েড ও প্যারাটাইফয়েডের চিকিৎসা কী?



টাইফয়েড ও প্যারাটাইফয়েড থেকে বাঁচার উপায়ঃ
নিরাপদ পানি, সঠিক পয়ঃনিষ্কাশন ব্যবস্থা, খোলা খাবার এড়িয়ে চলা, ফলমূল ও শাক-সবজি ভালোমতো ধুয়ে খাওয়া, স্বাস্থ্যবিধি মেনে চলা।



newventurefund

oxford vaccine group

OXFORD MARTIN SCHOOL

Child Health Research Foundation
CHRF Prevent Infections, Save Lives

TORCH
THE OXFORD RESEARCH CENTRE IN THE HUMANITIES

UNIVERSITY OF OXFORD

FACULTY OF HISTORY

Bangladesh PROOF 7 at A4.indd 4 07/11/2020 17:35